# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ
## (২০২৫ ইং সনের ১২৬নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৭ মে, ২০২৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে ২ জুন, ২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ৪ঃ১৫ মিনিট পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১. **বিচারপতি মোস্তফা জামান ইসলাম**
**এবং**
**বিচারপতি নাসরিন আক্তার**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; এবং অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদন্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভুত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভুত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

স্বাঃ/-
**বাংলাদেশের প্রধান বিচারপতি**
তারিখঃ- ২৬ মে, ২০২৫খ্রিঃ

প্রচারের জন্য ঃ-

১। বিচারপতি মোস্তফা জামান ইসলাম

২। বিচারপতি নাসরিন আক্তার